



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারক নং সাস্ট/ পিআর/০৩

তারিখ: ২০ নভেম্বর, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

গত ১৮ নভেম্বর, ২০১৭ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি, বিশ্ববিদ্যালয় পরিবাহকের সকল সদস্য, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে।

পরীক্ষা চলাকালীন সময়ে ভুল বোঝাবুঝি কে পূঁজি করে কোন মহল যাতে হীন উদ্দেশ্য বাস্তবায়ন করতে না পারে সেজন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অত্যন্ত সজাগ রয়েছে। পরীক্ষা চলাকালীন দু-একটি সেন্টারে যে সামান্য ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছিল তা ইতোমধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে সমাধান হয়েছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রতি বছরই ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার জন্য প্রায়শঃ আদালতের সহযোগিতা নিয়ে থাকে। তবে প্রচলিত বিধি অনুসারে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের জন্য পরীক্ষা কেন্দ্র প্রধানকে অবহিত করে দায়িত্ব পালনের সুনির্দিষ্ট নিয়ম রয়েছে। যাযথাযথ ভাবে পালন করা হলে এই ধরনের পরিস্থিতির উদ্ভব হতো না বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করে।

ভর্তি পরীক্ষার মূল কার্য পরিধির বাইরে উদ্ভূত পরিস্থিতি নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল মহলের সহযোগিতা কামনা করেছে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার